

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৮-৬৭

তারিখঃ ১৮.০২.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মনোয়ার হোসেন তালুকদার (১০১২০৬৭), জুনিয়র কনসালটেন্ট, গ্র্যানেসথেসিয়া, সদর হাসপাতাল, বাগেরহাট গত ২৫/১১/২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৭.০১.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৮-৩২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মনোয়ার হোসেন তালুকদার (১০১২০৬৭) অসুস্থতাসহ পারিবারিক বিভিন্ন অসুবিধার কথা উল্লেখ করেন এবং এর স্বপক্ষে তিনি সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন। সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, চোখে ও কোমরে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় শারীরিক অসুস্থতায় ভুগছেন। তার স্ত্রী ডাঃ সোহানা শিকদার (১০১২০৮৩), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, মাইজদী নোয়াখালীতে কর্মরত আছেন। তার সন্তান ও পিতামাতা নোয়াখালীতে বসবাস করছেন;

সেহেতু, ডাঃ মনোয়ার হোসেন তালুকদার (১০১২০৬৭), জুনিয়র কনসালটেন্ট, গ্র্যানেসথেসিয়া, সদর হাসপাতাল, বাগেরহাটের কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হওয়ায় ভবিষ্যতে তিনি এরূপ আচরণ করবেন না ও সরকারী দায়িত্ব আরো ভালভাবে পালন করবেন এইরূপ লিখিত শর্তে ডাঃ মনোয়ার হোসেন তালুকদার (১০১২০৬৭) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিতকালীন সময়কে ২৫/১১/২০১৭ হতে ১৭/০২/২০১৯ খ্রিঃ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ১৮.০২.২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৮-৬৭/২(১১)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, বাগেরহাট।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ মনোয়ার হোসেন তালুকদার (১০১২০৬৭), জুনিয়র কনসালটেন্ট, গ্র্যানেসথেসিয়া, সদর হাসপাতাল, বাগেরহাট (স্থায়ী ঠিকানাঃ প্লট-বি/১, এইচ-৯, রোড নং-৭, নিকেতন, গুলশানা, ঢাকা।


(মোঃ হোসেন হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮